



শেখ হাসিনার রাজনৈতিক ভবিষ্যত সংকুচিত: আইসিজি



সংগৃহীত ছবি

বেলজিয়ামভিত্তিক আন্তর্জাতিক সংস্থা ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপ (আইসিজি) মন্তব্য করেছে, শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায় বাংলাদেশের রাজনৈতিক পরিমণ্ডলে উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারে। সংস্থাটি মনে করছে, এই রায়ের ফলে হাসিনার রাজনীতিতে পুনরায় ফিরে আসার সম্ভাবনা এখন অনেকটাই কমে গেছে।

আইসিজির বাংলাদেশ বিষয়ক কনসালট্যান্ট থমাস কিয়ান এক বিবৃতিতে বলেন, “গত বছরের জুলাই-আগস্টে বিক্ষোভকারীদের ওপর সংঘটিত নৃশংসতার ঘটনায় হাসিনার দায় নিয়ে কোনো সন্দেহের সুযোগ নেই। তবে এই বিচারপ্রক্রিয়া সমালোচনার বাইরে নয়।”

বিবৃতিতে আরও বলা হয়েছে, বাংলাদেশের নির্বাচনের পূর্বে সহিংসতা এবং বিরোধী কর্মকাণ্ড থেকে আওয়ামী লীগকে বিরত থাকা উচিত। এছাড়া, অন্তর্বর্তী সরকারকে দলটির সমর্থকদের ওপর অতিরিক্ত দমন-পীড়ন বন্ধ করার পরামর্শ দেওয়া হয়েছে। সংস্থাটি মনে করছে, যদি শেখ হাসিনা আওয়ামী লীগের নেতৃত্ব থেকে পদত্যাগ না করেন, তাহলে দলের রাজনীতিতে তার পুনরায় সক্রিয় হওয়া কঠিন হয়ে উঠবে।